



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস-২০২৩ উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস ২০২৩ উদযাপিত হয়েছে। আজ শনিবার (১৬ ডিসেম্বর ২০২৩) দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

কর্মসূচির মধ্যে ছিল, জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত পরিবেশন, নোবিপ্রবি শহীদ মিনার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আনন্দ শোভাযাত্রা, গার্ড অব অনার প্রদান, আলোচনা সভা, 'মুজিব একটি জাতির রূপকার' শীর্ষক চলচিত্র প্রদর্শনী।

সকাল ৯.৩০ মিনিটে নোবিপ্রবির শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় সঙ্গীত পরিবেশন ও বেলায় উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। পরে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিনার ও জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে শেষ হয়। প্রথমে নোবিপ্রবির মাননীয় উপাচার্যের পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ, হল, শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীবৃন্দ, নোবিপ্রবি নীল দল, নোবিপ্রবি ছাত্রলীগ ও অন্যান্য সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

সকাল ১০টায় বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। আরও বক্তব্য রাখেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, আইআইটি পরিচালক অধ্যাপক ড. মোঃ সেলিম হোসেন, প্রক্টর ও আইআইএস পরিচালক অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, নোবিপ্রবি রেজিস্ট্রার মোহাম্মদ জসীম উদ্দিন, ভাষা শহীদ আবদুস সালাম হলের প্রভোস্ট ড. কাওসার হোসেন, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিন, নোবিপ্রবি ছাত্রলীগ সভাপতি জাহিদুর রহমান নাঈম, সাধারণ সম্পাদক জাহিদ হাসান শুভ, শিক্ষার্থীদের পক্ষে পূজা ধর, তূর্য চৌধুরী ও কর্মচারীদের পক্ষে জনাব আবদুল্লাহ আল মামুন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অর্থনীতি বিভাগের প্রভাষক আফরিদা জিননুরাইন উব্বী।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, সবাইকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা। এই দিনে আমি শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আমরা খুব ভাগ্যবান জাতি যে আমরা বঙ্গবন্ধুর মতো একজন নেতা পেয়েছি। যাঁর নেতৃত্বে অভূতায় ঘটে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের। জাতির পিতার সুযোগ্য কন্যা দেশরত্ন শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ এগিয়ে চলেছে এবং আরও এগিয়ে যাবে। বঙ্গবন্ধুর ব্যক্তিত্ব, সততা, বাঙ্গালীর প্রতি ভালোবাসা আর আত্মদান চির অম্লন হয়ে থাকবে। আমাদের মনে রাখা উচিত বাংলাদেশের স্বাধীনতার মহানায়ক একজনই, আর তিনি হলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বিজয়ের এই দিনে আমি মহান স্বাধীনতা সংগ্রামে জীবন উৎসর্গকারী সকল বীর শহীদের রূহের মাগফিরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথির বক্তব্যে মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, শ্রদ্ধার সাথে স্মরণ করছি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান স্বাধীনতা সংগ্রামের ৩০ লক্ষ শহীদদের। বঙ্গবন্ধু আমাদের একটি স্বাধীন ভূখণ্ড দিয়ে গেছেন আর তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার হাত ধরে ডিজিটাল থেকে স্মার্ট বাংলাদেশের পথে এগিয়ে যাচ্ছি আমরা। আজ ডিজিটাল বাংলাদেশের সুফল পাচ্ছে সবাই। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে এগিয়ে যেতে হবে। সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অনুষ্ঠানের সভাপতি মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী সমাপনী বক্তব্যে বলেন, 'বিজয়ের এই দিনে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। তিনি আরও বলেন, আমরা একটা সময় রাজাকার, আলবদর, আল শামস্ এই নামগুলো উচ্চারণ করতে পারতাম না, এখন আমরা ঘৃণাভরে উচ্চারণ করতে পারি। বিজয় দিবসের এই বর্ণাঢ্য আয়োজনকে যারা সফল করেছেন তাদের সবার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

উল্লেখ্য, মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে নোবিপ্রবি'র বিভিন্ন ভবন ও প্রধান ফটক দৃষ্টিনন্দন আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

R. Kautser

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

R. Kautser
21/11/23